

স্মারক নম্বর: রীট পিটিশন ৩৬৬৯/১৫/২২৯/

তারিখ: জ্যেষ্ঠ, ১৪২৬
মে, ২০১৯ খ্রিঃ

বিষয় : মহামান্য আদালতের সর্বশেষ আদেশ/নির্দেশনা উপস্থাপন প্রসঙ্গে।

আপনি জনাব মোহাম্মদ এহসান উল্লাহ, সুনামগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজে সিনিয়র ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) পদে কর্মরত আছেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৮/০৪/২০১৫ খ্রিঃ তারিখ টিএসসি/ভোক/জঃবঃপ্রঃ/১৯২৮/২০১০/৩১৩(১১) স্মারকমূলে আপনাকে সুনামগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে ভোলা টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলী করা হয়।

- ২। উক্ত বদলীর আদেশে সংশ্লিষ্ট হয়ে আপনি মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন (রীট পিটিশন নং-৩৬৬৯/২০১৫) দায়ের করেন। মহামান্য আদালত উক্ত বদলীর আদেশটি ০৩(তিন) মাসের জন্য স্থগিতাদেশের নির্দেশনাসহ রুল নিশি জারী করেন।
- ৩। মহামান্য আদালতের অর্ন্তবর্তীকালীন আদেশ মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তর ১৮/০৮/২০১৫ খ্রিঃ তারিখে টিএসসি/ ভোক/ জঃবঃপ্রঃ/ ১৯২৮/ ২০১০/ ৬১৫(১২) স্মারকমূলে উক্ত বদলীর আদেশ স্থগিত করা হয়।
- ৪। নথি পর্যালোচনায় দেখা যায়, ১৭ এপ্রিল, ২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত কর্তৃক সর্বশেষ উক্ত বদলীর স্থগিত আদেশ ০৩(তিন) মাসের বর্ধিতকরণের আদেশ পাওয়া যায়। এরপর মহামান্য আদালতের আর কোন আদেশ এ কার্যালয়ে পাওয়া যায় নাই।
- ৫। এমতাবস্থায়, উক্ত বদলীর স্থগিত আদেশের বিষয়ে মহামান্য আদালতের সর্বশেষ আদেশ/নির্দেশনা আগামী ৩০/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
অতিরিক্ত সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।

প্রাপক : জনাব মোহাম্মদ এহসান উল্লাহ
সিনিয়র ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল)
সুনামগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: রীট পিটিশন ৩৬৬৯/১৫/২২৯/৬২৬ (৪)

তারিখ: ০৭ জ্যেষ্ঠ, ১৪২৬
২৩ মে, ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) অধ্যক্ষ, সুনামগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, সুনামগঞ্জ।
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সংরক্ষণ নথি।

(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।